অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/1/2021 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোচুল প্রশাসনিক মনোনয়নগুলি এবং নিয়োগগুলি ঘোষণা করেছেন

আজ গভর্নর হোচুল প্রশাসনের নতুন মনোনয়নগুলি এবং নিয়োগগুলি ঘোষণা করেছেন।

"নিউ ইয়র্কে, আমরা আগামী বহু প্রজন্মের জন্য একটি ভালো, উজ্জ্বল ভবিষ্যতের উদ্দেশ্যে কাজ করছি - আমার মনে কোন সন্দেহ নেই যে এই লক্ষ্যটি মাথায় রেখে আমাদের দলে নিয়ে আসার জন্য এরাই সেরা মানুষ।" **গভর্নর হোচুল বলেন।** "বৈচিত্রময় পশ্চাদপট এবং বিস্তৃত অভিজ্ঞতার সাথে, এই দলটি আমাদের জন্য তাদের অমূল্য জ্ঞান নিয়ে আসে। নিউ ইয়র্কবাসীরা নিশ্চিন্ত থাকতে পারেন যে এই পদগুলি এমন ব্যক্তিদের দ্বারা পূর্ণ যারা তাদের হয়ে এবং তাদের সর্বোত্তম স্বার্থ নিয়ে লড়াই করবেন।"

কেরি নেইফিল্ডকে অফিস ফর পিপল উইথ ডেভেলপমেন্টাল ডিজ্যাবিলিটিসের (Office for People With Developmental Disabilities, OPWDD) কমিশনার মনোনীত করা হবে। পূর্বে, মিস নেইফেল্ড গভর্নরের অফিসে মানবসেবা ও মানসিক স্বাস্থ্যবিধির (Human Services & Mental Hygiene) সহকারী সচিব হিসেবে এবং নিউ ইয়র্ক স্টেট অফিস অফ টেম্পোরারি অ্যান্ড ডিসেবিলিটি অ্যাসিসটান্সের (Office of Temporary and Disability Assistance) সহকারী ডেপুটি কমিশনার হিসেবে দায়িত্ব পালন করেছেন, যেখানে তিনি নব-নির্মিত শেল্টার ওভারসাইট এবং কমপ্লায়েন্সের বিভাগ (Division of Shelter Oversight and Compliance) পরিচালনা করেছেন। তার আগে, তিনি এক্সেলসিয়র সার্ভিস ফেলো হিসেবে দায়িত্ব পালন করার সময় অফিস অফ টেম্পোরি অ্যান্ড ডিজেবিলিটি অ্যাসিস্ট্যানস (Office of Temporary and Disability Assistance, OTDA) এর ডেপুটি কমিশনারের বিশেষ সহকারী হিসেবে কাজ করেছেন। এক্সেলসিয়র সার্ভিস ফেলোশিপ প্রোগ্রামের আগে, মিস নেইফিল্ড রকফেলার কলেজের (Rockefeller College) সেন্টার ফর উইমেন ইন গভর্নমেন্ট অ্যান্ড সিভিল সোসাইটিতে নারী ও জন নীতির একজন ফেলো ছিলেন। মিসেস নিফেল্ড কলাম্বিয়া-গ্রিন কাউন্টিজের মানসিক স্বাস্থ্য সমিতিতে একটি প্রকল্প ব্যবস্থাপক (Mental Health Association of Columbia-Greene Counties) হিসেবে কাজ করেছেন, অ্যালবানি কাউন্টি ডিপার্টমেন্ট অফ চাইল্ড অ্যান্ড ফ্যামিলি সার্ভিসের (Albany County Department of Child and Family Services) একজন চাইল্ড প্রোটেক্টিভ সার্ভিসেস কেসওয়ার্কার এবং WAIT হাউস হোমলেস ইয়ুথ শেল্টারে (WAIT House Homeless Youth Shelter) একজন যুব পরিচর্যা কর্মী হিসেবে কাজ করেছেন। মিসেস নিফেল্ড এলমিরা কলেজ (Elmira College) থেকে B.A. এবং অ্যালবানি স্কুল অফ সোশ্যাল ওয়েলফেয়ার বিশ্ববিদ্যালয় (University at Albany School of Social Welfare) থেকে

M.S.W. করেছেন৷ মিস নেইফিল্ড ভারপ্রাপ্ত কমিশনার হিসেবে কাজ করবেন সেনেট তাকে নিশ্চিত না করা পর্যন্ত।

নিভারডো লোপেজ পরিবহনের উপ-সচিব নিযুক্ত হয়েছেন। অতি সম্প্রতি, জনাব লোপেজ নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অফ ট্রান্সপোর্টেশন (New York City Department of Transportation, NYCDOT) এর ব্রঙ্কস বোরো কমিশনার হিসাবে কাজ করেছেন। সেই ভূমিকায়, মিঃ লোপেজ ব্রঙ্কসে পরিবহনকে প্রভাবিত করে এমন সমস্ত নীতিগত বিষয়ে কমিশনারকে পরামর্শ দেন এবং ব্রঙ্কসে কার্যকর পরিষেবা সরবরাহ নিশ্চিত করতে সংস্থার বিভিন্ন বিভাগের সাথে কাজ করেন। মিঃ লোপেজ 2014 সালে NYCDOT এ যোগদান করেন, আইনী বিষয়ক পরিচালক হিসাবে, যেখানে তিনি সংস্থার আইনী এজেন্ডা তৈরির জন্য দায়প্রাপ্ত। তার মেয়াদকালে তিনি একটি স্থানীয় আইন পাস করতে সহায়তা করেন যা বার্ষিক অ্যাক্সেসযোগ্য পথচারীদের সিগন্যাল ইনস্টলেশনের পরিমাণ বৃদ্ধি করে এবং বাস লেন ক্যামেরা এনফোর্সমেন্ট প্রোগ্রাম সম্প্রসারণকারী রাজ্য আইনে সহায়তা করেন। NYCDOT-এর জন্য কাজ করার আগে, জনাব লোপেজ সিটি লেজিসলেটিভ অ্যাফেয়ার্সের পরিচালক হিসাবে কম্পট্রোলার স্কট স্ট্রিংগারের জন্য কাজ করেন এবং মেয়রের কমিউনিটি অ্যাফেয়ার্স ইউনিটের (Mayor's Community Affairs Unit) ব্রঙ্কস পরিচালক হিসাবে ব্লুমবার্গ অ্যাডমিনিস্ট্রেশনের জন্য কাজ করেছিলেন। জনাব লোপেজ তার সরকারী কর্মজীবন শুরু করেন নিউ ইয়র্ক সিটি কাউন্সিলে (New York City Council) কাজ করে, প্রথমে ব্রঙ্কস কাউন্সিলম্যান জেমস ভাকার জন্য এবং তারপর সিটি কাউন্সিলের পরিবহন কমিটির (City Council's Committee on Transportation) জন্য আইনী নীতি বিশ্লেষক হিসাবে কাজ করে। জনাব লোপেজ ব্রঙ্কসের দীর্ঘদিনের বাসিন্দা এবং সেখানেই তার জন্ম। তিনি সেন্ট জোসেফ ইউনিভার্সিটি থেকে ইতিহাসে B.A. এবং সিটি কলেজ অফ নিউ ইয়র্কের (City College of New York) সিটি ইউনিভার্সিটি অফ নিউ ইয়র্ক (City University of New York, CUNY) থেকে ইতিহাসে M.A. করেছেন।

জিহুন কিম, LMSW মানব পরিষেবা এবং মানসিক স্বাস্থ্যবিধির জন্য উপ-সচীব নিযুক্ত হয়েছেল। তিনি সম্প্রতি মানসিক স্বাস্থ্য অফিসে (Office of Mental Health) নির্বাহী জেলা প্রশাসকের বিশেষ সহকারী হিসেবে দায়িত্ব পালন করেছেন। জনাব কিম এর আগে এক্সিকিউটিভ চেম্বারে নীতির উপ-পরিচালক হিসাবে দায়িত্ব পালন করেছিলেন, যেখানে তিনি প্রধান নীতি উদ্যোগগুলির সমন্বয়ের জন্য এবং মানব পরিষেবা এবং মানসিক স্বাস্থ্যবিধির (Human Services and Mental Hygiene) জন্য একজন গরিষ্ঠ নীতি উপদেষ্টা হিসাবে দায়িত্ব পালন করেছিলেন, যেখানে তিনি আটটি রাষ্ট্রীয় সংস্থার তত্ত্বাবধানে সহায়তা করার জন্য দযপ্রাপ্ত ছিলেন। এক্সিকিউটিভ চেম্বারে যোগদানের আগে, জনাব কিম নিউ ইয়র্কের অ্যাটর্নি জেনারেলের ডেপুটি ডিরেক্টর অব লেজিসলেটিভ অ্যাফেয়ার্স (Legislative Affairs) হিসেবে কাজ করেছেন। তিনি একজন লাইসেন্সপ্রাপ্ত মাস্টার সোশ্যাল ওয়ার্কার এবং হান্টার কলেজের (Hunter College) সিলবারম্যান স্কুল অফ সোশ্যাল ওয়ার্ক (Silberman School of Social Work) থেকে স্নাতকোত্তর সোশ্যাল ওয়ার্ক ডিগ্রী এবং মারিস্ট কলেজ (Marist College) থেকে বিজ্ঞানে স্নাতক ডিগ্রি অর্জন করেছেন।

কেট সি. হ্যারিস আর্থিক পরিষেবা ও প্রযুক্তির উপ-সচিব নিযুক্ত হয়েছেন। তিনি এর আগে মহামারী থেকে স্টেটের পুনরুদ্ধারের বিষয়ে কাজ করা রিমেজিন নিউ ইয়র্ক কমিশনের

(Reimagine New York Commission) পরিচালক হিসাবে দায়িত্ব পালন করেছিলেন। তার আগে, মিস হ্যারিস গোয়েন্দা বিষয়ক সিনেট সিলেক্ট কমিটির (Senate Select Committee) সংখ্যালঘু কাউন্সেল ছিলেন যেটি মার্কিন গোয়েন্দা সংস্থাগুলির তত্ত্বাবধান করে এবং বিদেশী নির্বাচনে হস্তক্ষেপের জন্য দ্বিদলীয় তদন্তের নেতৃত্ব দেয়। ওবামা প্রশাসনের সময়, কেট দেশীয় এবং আন্তর্জাতিক অর্থনৈতিক নীতিতে কাজ করেছেন যার মধ্যে রয়েছে ছোট ব্যবসার জন্য ঋণের অ্যাক্সেস, বুদ্ধিমান আর্থিক নিয়ন্ত্রণ, গ্রাহক সুরক্ষা, বিশ্বব্যাপী দুর্নীতিবিরোধ, এবং ব্রডব্যান্ড প্রযুক্তি। তিনি সেক্রেটারি জন কেরির অধীনে স্টেট ডিপার্টমেন্টের (State Department) পলিসি প্ল্যানিং স্টাফের সদস্য ছিলেন এবং সেক্রেটারি টিম গেইথনারের অধীনে ট্রেজারি ডিপার্টমেন্টের (Treasury Department) আর্থিক সংকটের প্রতিক্রিয়া নিয়ে কাজ করেছিলেন। তিনি দ্বিতীয় সার্কিটের আপিল কোর্টে (Court of Appeals) বিচারক জোসে ক্যাব্রেনসের জন্য করণীকের কাজও করেছেন এবং ইয়েল বিশ্ববিদ্যালয়ের (Yale University) সিনিয়র ফেলো ছিলেন। কেট হার্ভার্ড কলেজ (Harvard College) থেকে সুমা কাম লাউড স্নাতক এবং ইয়েল ল স্কুল (Yale Law School) থেকে তার J.D. পেয়েছেন। তিনি ফরেন রিলেশনস কাউন্সিলের (Council on Foreign Relations) মেয়াদী সদস্য, ব্রুকিংস সোসাইটির (Brookings Society) চেয়ার পার্সন এবং UNICEF নেক্সটজেনের (UNICEF NextGen) একজন নেতা।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন